

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

বিষয়: “অভিযোগ প্রতিকার ব্যবস্থা” সংক্রান্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব ড. মোহাম্মদ আবুল হাসান, পরিচালক (প্রশাসন), নিপোর্ট, ঢাকা
সভার সময় ও তারিখ : ২৪ নভেম্বর ২০২২ খ্রি: বিকাল ০৩:৩০ ঘটিকা।
সভার স্থান : অনলাইনে জুম সভা।

সভায় নিম্নবর্ণিত উপস্থিত কর্মকর্তাগণ :

- ১) অভিযোগ প্রতিকার কমিটি, নিপোর্ট প্রধান কার্যা।
- ২) সকল অধ্যক্ষ, আরপিটিআই।
- ৩) সকল প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তার বক্তব্যে জানান যে, নিপোর্ট প্রধান কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর বাস্তবায়ন এর অংশ হিসেবে ‘অভিযোগ প্রতিকার কমিটি’ গঠন করা হয়েছে। এ সম্পর্কিত করণীয় বিষয়সমূহ নিয়ে তিনি আলোচনা করেন।

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রয়োজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে প্রতি তিন মাস পর হালনাগাত করতে হবে।	পরিচালক (প্রশাসন) মহোদয় হবেন আপীল নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং মহাপরিচালক মহোদয় হবেন আপিল কর্মকর্তা।	১) জনাব এ, কে, এম, আবদুল্লাহ ২) জনাব হিরো ধর ৩) জনাব এস, এম, জহিরুল ইসলাম
২)	নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	অভিযোগসমূহ অনলাইনের সাথে অফলাইনেও গ্রহণ করা হবে।	অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করা হবে।	১) জনাব মোহা. মাহফুজুর রহমান ২) জনাব এ, কে, এম, আবদুল্লাহ ৩) জনাব হিরো ধর
৩)	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	প্রতি মাসের অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ করা হবে।	প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের প্রতিবেদন প্রেরণ করতে হবে।	১) জনাব এ, কে, এম, আবদুল্লাহ ২) জনাব হিরো ধর ৩) জনাব এস, এম, জহিরুল ইসলাম
৪)	ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ করা হবে।	চতুর্থ মাসের ০৫ তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ করতে হবে।	১) জনাব এ, কে, এম, আবদুল্লাহ ২) জনাব হিরো ধর ৩) জনাব এস, এম, জহিরুল ইসলাম

৫)	কর্মকর্তা কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সেমিনার/ কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন	এই অর্থবছরে কমপক্ষে ২ টি সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	সভাপতি মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে সেমিনার/ কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের তারিখ নির্ধারণ	১) জনাব এ, কে, এম, আবদুল্লাহ ২) জনাব হিরো ধর ৩) জনাব এস, এম, জহিরুল ইসলাম
৬)	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	আরপিটিআই ও আরটিসি সমূহের সাথে অবহিতকরণ ১ম সভা আজকে আয়োজন করা হয়েছে।	প্রতি তিন মাস অন্তর অন্তর সভা আয়োজন করতে হবে।	১) জনাব এ, কে, এম, আবদুল্লাহ ২) জনাব হিরো ধর ৩) জনাব এস, এম, জহিরুল ইসলাম

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(ড. মোহাম্মদ আবুল হাসান)
পরিচালক (প্রশাসন) ও যুগ্মসচিব, নিপোর্ট।

নং- ৫৯.১২.০০০০.০০১.৪৬.৩২৭.২২- ৩৭২

তারিখঃ ২৯/১১/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরি ব্যবস্থার জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ২) ফোকাল পারসন, অভিযোগ প্রতিকার কমিটি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা-চলতি দায়িত্ব), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৪) কর্মকর্তা (সকল), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৫) অধ্যক্ষ/ প্রশিক্ষণ কর্মকর্তা (সকল)
- ৫) মহাপরিচালকের গোপনীয় সহকারী, নিপোর্ট, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৬) অফিস কপি।

(এ. কে. এম. আবদুল্লাহ)

ফোকাল পারসন, অভিযোগ প্রতিকার
কমিটি ও উর্ধ্বতন গবেষণা সহযোগী, নিপোর্ট।